

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ৩১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ]

আদেশ

তারিখ : ১১ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/২৫ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : স্পেশাল সিকিউরিটি ফোর্স কর্তৃক ব্যবহারের নিমিত্তে আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ০৬টি ভেহিকল মাউন্টেড রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (প্রতিটি গাড়িসহ) এবং ০৩ টি পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) ক্রয়/আমদানির উপর প্রযোজ্য ভ্যাট মওকুফকরণ।

নং ০১/মূসক/২০১৮—যেহেতু, আমদানিতব্য আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ০৬টি ভেহিকল মাউন্টেড রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (প্রতিটি গাড়িসহ) এবং ০৩ টি পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং সরকার কর্তৃক ঘোষিত সকল ভিত্তিআইপি'র নিরাপত্তার কাজে ব্যবহৃত হইবে; এবং

যেহেতু, প্রধানমন্ত্রীর কার্যালয় হইতে উল্লিখিত পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার ক্রয়ের নিমিত্তে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হইয়াছে এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বর্ণিত আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ফ্রিকোয়েন্সি জ্যামার, ড্রোন শিল্ড এবং যানবাহন সরাসরি ক্রয় পদ্ধতিতে সংগ্রহের নীতিগত সুপারিশ রাখিয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, ভিত্তিআইপিদের নিরাপত্তা নিশ্চিত করা ও জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় স্পেশাল সিকিউরিটি ফোর্সের জন্য আমদানিতব্য আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ০৬টি ভেহিকল মাউন্টেড রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (প্রতিটি গাড়িসহ) এবং ০৩ টি পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি

(৩৬৯৩)

মূল্য : টাকা ৪.০০

জ্যামার (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) এর উপর মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে আমদানি পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর ও অগ্রিম মূল্য সংযোজন কর (এটিভি) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করিল :—

শর্তাবলি :

- (ক) আমদানিতব্য আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ০৬টি ভেহিকল মাউন্টেড রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (প্রতিটি গাড়িসহ) এবং ০৩টি পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং সরকার কর্তৃক ঘোষিত সকল ভিভাইপি'র নিরাপত্তার জন্য কাজে ব্যবহৃত হইবে এবং এগুলো বাণিজ্যিক কাজে ব্যবহার বা বিক্রয়/হস্তান্তর করা যাইবে না;
- (খ) আমদানিতব্য পণ্য শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর আলোকে যথাযথ মূল্যে ও এইচ. এস. কোডে শুল্কায়ন করিতে হইবে;
- (গ) শুল্কায়নের পূর্বে পণ্যের specification ও ঘোষণার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হইতে হইবে;
- (ঘ) আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য শর্তাদি এই ক্ষেত্রে পরিপালনায় হইবে; এবং
- (ঙ) সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে অঙীকারনামা দাখিল করিতে হইবে যে, উক্ত আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ০৬টি ভেহিকল মাউন্টেড রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (প্রতিটি গাড়িসহ) এবং ০৩টি পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) কোন প্রকার হস্তান্তর, বিক্রয়, অন্যবিধ ব্যবহার, চুরি বা খোয়া গেলে আমদানিকারক কর্তৃক প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধে বাধ্য থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছন মুহম্মদ তারেক রিকাবদার  
প্রথম সচিব (মৃসক অব্যাহতি)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)